# ২০২৫

## ষষ্ঠ সেমেস্টার

## বাংলা — সাধারণ

## পত্র : SEC-B-2

## (ব্যবহারিক বাংলা - ২)

## পূর্ণমান - ৮০

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) "স্বভাবদুর্বৃত্তরা কখনও কৃতজ্ঞতা প্রকাশ করে না।"— নীতিবাক্যটি অবলম্বন করে একটি গল্প রচনা করো। ১০

*অথবা*

(খ) প্রবন্ধ রচনা করো। (৩০০ শব্দের মধ্যে) ১০

বাংলা শিশুসাহিত্য রচনায় সত্যজিৎ রায়ের অবদান।

২। (ক) বাংলা বানানের বিবর্তনে রবীন্দ্রনাথ ঠাকুরের অবদান বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

*অথবা*

(খ) বাংলা বানানের সংস্কার বিষয়ে যে নানাবিধ সমস্যা ও জটিলতাগুলি আছে, সেগুলি সম্বন্ধে আলোকপাত করো। ১০

৩। (ক) নিচে প্রদত্ত বাংলা শব্দগুলিকে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (I.P.A) রূপান্তরিত করো—

জীবনানন্দ, গম্ভীর, সপ্তগ্রাম, শতাব্দী, মহারাজা, বাজপাখি, নজরুল, বিভূতিভূষণ, করুণা, ফুটবল। ১০

*অথবা*

(খ) নিচের অংশটি রোমীয় লিপিতে লেখো— ১০

"দ্বিপ্রহরের আহারাদির পর বিনু বাবাকে চিঠি লিখিতে বসিল। ঠাকুমার হাতে পৈতার টেকো, মার হস্তে তুলা। ইঁহাদের দিবানিদ্রার অভ্যাস নাই। গোটা দুপুর কাটিয়া যায় শাশুড়ি-বধূর নানারূপ হালকা কাজে। দুর্গাসুন্দরীর মতো পৈতা কাটিতে কেহ পারে না। হেমাঙ্গিনীর কাটা পৈতা অমন সমান সরু হয় না। বাড়িতে অজস্র জটা কার্পাসের গাছ। হেমাঙ্গিনী সময় পাইলেই তুলা পিঁজিয়া বাঁশের চোঙার ভিতরে সাজ করিয়া রাখিয়া দেয়।"

*অথবা*

(গ) (কেবলমাত্র দৃষ্টিহীন শিক্ষার্থীদের জন্য)

রোমীয় বর্ণমালা বলতে কী বোঝো? এই লিপির বৈশিষ্ট্যগুলি লেখো। এই লিপির প্রয়োজনীয়তা বুঝিয়ে দাও। ২+৫+৩

৪। *যে-কোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও। ৫×৬

(ক) বাংলা থেকে কীভাবে আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (IPA) রূপান্তরিত করা যায়, উদাহরণসহ বুঝিয়ে দাও।

(খ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির বানানবিধি অনুসারে বিদেশি শব্দের বাংলা বানান লিখন সম্পর্কে আলোচনা করো।

(গ) বাংলা বানানের ক্ষেত্রে উচ্চারণের সমস্যা কীভাবে বাধা হয়ে উঠতে পারে, তা বুঝিয়ে দাও।

(ঘ) তৎসম শব্দের বানানের ক্ষেত্রে কোন নিয়ম প্রযোজ্য তা আলোচনা করো।

(ঙ) বস্তুনিষ্ঠ ও ব্যক্তিনিষ্ঠ প্রবন্ধের উদাহরণসহ সংজ্ঞা দাও।

(চ) রবীন্দ্রনাথ গল্পের বৈশিষ্ট্য সম্পর্কে একটি কবিতায় বলেছেন— "শেষ হয়ে হইল না শেষ।" গল্প রচনার ক্ষেত্রে এই উক্তির স্বপক্ষে নিজের মতামত দাও।

(ছ) নিচের শব্দগুলির মধ্যে সঠিক বানানটি নির্দিষ্ট করে লেখো —

স্বায়ত্ত/সায়ত্ত্ব, অনাটন/অনটন, পৃথকন্ন/পৃথগন্ন, দারিদ্র/দারিদ্র্য, অহর্নিশি/অহর্নিশ।

(জ) বাংলা বানানের ক্ষেত্রে র, ড়, ঢ়-এর ব্যবহারের নিয়মগুলি লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর লেখো। ১×২০

(ক) রবীন্দ্রনাথের একটি ছোটগল্পের নাম লেখো।

(খ) 'লোকরহস্য' প্রবন্ধ গ্রন্থের রচয়িতা কে?

(গ) একটি ব্যক্তিগত প্রবন্ধের উদাহরণ দাও।

(ঘ) বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে 'ন' এবং 'ণ'-এর ক্ষেত্রে কোনটি ব্যবহারের নির্দেশ দেওয়া হয়েছে?

(ঙ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানান বিধি কত সালে চালু হয়?

(চ) IPA-এর পুরো নাম কী?

(ছ) ব্যবহার/ব্যাবহার— কোন বানানটি সঠিক?

(জ) বিদেশি শব্দের বানানের ক্ষেত্রে 'জ' আর 'য'-এর মধ্যে কোনটি গ্রহণযোগ্য?

(ঝ) 'কর্মদেবী'— শব্দটি IPA-তে রূপান্তরিত করো।

(ঞ) যতীন্দ্রনাথ সেনগুপ্ত— রোমান লিপিতে লেখো।

(ট) সঠিক বানান কোনটি— রসায়ন/রসায়ণ?

(ঠ) 'অভাগীর স্বর্গ' গল্পের গল্পকারের নাম লেখো।

(ড) শব্দে ঋ, র, ষ-এর পরে 'ণ' ও 'ন'-এর মধ্যে কোনটি ব্যবহৃত হয়?

(ঢ) ছোটগল্পের একটি বৈশিষ্ট্য লেখো।

(ণ) 'শ' ও 'ড়' বর্ণ দুটি রোমীয় ও IPA-তে লেখো

(ত) নুপুর/নূপুর— কোন বানানটি সঠিক?

(থ) গল্পের শিরোনাম বলতে কী বোঝায়?

(দ) রবীন্দ্রনাথের 'সভ্যতার সংকট' কী জাতীয় গ্রন্থ?

(ধ) প্রভাতকুমার মুখোপাধ্যায়— রোমীয় লিপিতে লেখো।

(ন) 'মহেশ' গল্পটির গল্পকার কে?

(উপরের ঝ, ঞ, ণ এবং ধ-এর পরিবর্তে * ঝ, * ঞ, * ণ এবং * ধ প্রশ্নগুলি শুধুমাত্র দৃষ্টিহীন পরীক্ষার্থীদের জন্য।)

* (ঝ) শুদ্ধ বানানটি লেখো— দুর্নীতি / দূর্নীতি।

* (ঞ) শুদ্ধ বানানটি লেখো— সমীচিন / সমীচীন।

* (ণ) শুদ্ধ বানানটি লেখো— ওতোপ্রোত / ওতপ্রোত।

* (ধ) শুদ্ধ বানানটি লেখো— অনুজীবি / অনুজীবী।